গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চিলমারী, কুড়িগ্রাম।
www.chilmari.kurigram.gov.bd

## চর শিক্ষা উন্নয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ মাহবুবুর রহমান<br>উপজেলা নির্বাহী অফিসার<br>চিলমারী, কুড়িগ্রাম। |
| সভার তারিখ ও সময় | ঃ | ০৫/৯/২০২২ খ্রিঃ |
| সকাল | ঃ | ১১.০০ ঘটিকায়। |
| সভার স্থান | ঃ | উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ। |

সদস্যবৃন্দের উপস্থিতি পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা শিক্ষা অফিসার জনাব মোঃ আবু ছালেহ সরকার সভায় অবহিত করেন যে, অত্র চিলমারী উপজেলার ৩ টি ইউনিয়ন যথাক্রমে (১) নয়ারহাট (২) চিলমারী ও (৩) অষ্টমীরচর এর সম্পূর্ণ এলাকা ব্রহ্মপুত্র নদের মাঝখানে বিভিন্ন চরে অবস্থিত। উক্ত ইউনিয়ন তিনটিতে বিদ্যমান সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহ নদী ভাঙ্গনের ফলে বিভিন্ন চরে স্থাপন করে শিক্ষার্থীদের পাঠদান করা হয়ে থাকে। কিন্তু উক্ত বিদ্যালয় সমূহের শিক্ষকবৃন্দের প্রায় সকলে উপজেলার মূল ভূখন্ডে এবং পার্শ্ববর্তী উপজেলায় বসবাস করেন। চরাঞ্চলে যাতায়াতের বাহন একমাত্র নৌকা। নৌকা সমূহ রমনা ঘাট হতে নদীর পূর্বপারের উপজেলা রৌমারী ও রাজিপুরের উদ্দেশ্যে নির্ধারিত সময়ে ছেড়ে চলে যায়। ঐ নৌকায় চরাঞ্চলের প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ যাতায়াত করে থাকেন। আবার উল্লিখিত উপজেলা সমূহ হতে নির্ধারিত সময়ে রমনা ঘাটে ফেরত আসে। ফিরতি নৌকা ছাড়া শিক্ষকগণের ফেরত আসার আর কোন বাহন নাই। অন্যদিকে শিক্ষকগণের চরাঞ্চলে বসবাস করার মতো কোন জায়গাও নাই। ফলে শিক্ষকগণ যথাসময়ে বিদ্যালয়ে উপস্থিত হতে পারেন না। আবার বিদ্যালয় ছুটির আগেই নৌকা চলে আসায় এক প্রকার বাধ্য হয়েই তাদেরকে চলে আসতে হয়। ফলে বিদ্যালয়ে আগত শিক্ষার্থীদের পাঠদান অনেকাংশে ব্যাহত হয়ে থাকে। শিক্ষকদের যাতায়াতের জন্য তিনটি নৌকা ক্রয়ের ব্যবস্থা নেয়া হলে শিক্ষকগণ যথাসময়ে বিদ্যালয়ে উপস্থিত হতে পারতেন এবং নির্ধারিত সময় বিদ্যালয়ে পাঠদান শেষে পূনঃরায় ফিরে আসতে পারতেন। এতে করে শিক্ষার্থীদের পড়াশোনার মান অনেক ভাল হতো।

এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বলেন যে, মাননীয় প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় মহোদয়ের সাথে এ সকল বিষয়ে কথা হয়েছে। তিনি চরের শিক্ষকদের বিদ্যালয়ে যাতায়াতের জন্য একটি নৌকা ক্রয় করে অনুদান হিসেবে প্রদানের জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। আর বাকী দুইটি নৌকা স্থানীয়ভাবে অর্থ সংগ্রহ করে ক্রয় করতে হবে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত কর্মকর্তা/ব্যক্তিবর্গের সমন্বয়ে একটি নৌকা ক্রয় কমিটি গঠন করা হলো।

| | | |
|---|---|---|
| (১) | উপজেলা শিক্ষা অফিসার, চিলমারী, কুড়িগ্রাম। | আহবায়ক। |
| (২) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চিলমারী, কুড়িগ্রাম। | সদস্য। |
| (৩) | জনাব মোঃ মিজানুর রহমান সোহেল, | সদস্য। |
| (৪) | জনাব মোঃ আতিকুজ্জামান, উপ-সহকারী প্রকৌশলী, পিআইও অফিস, চিলমারী | সদস্য। |
| (৫) | ম্যানেজার, ফ্রেন্ডশিপ, চিলমারী, কুড়িগ্রাম। | সদস্য। |
| (৬) | জনাব মোঃ রফিকুল ইসলাম, স্পীডবোট চালক, চিলমারী, কুড়িগ্রাম। | সদস্য। |

উপরোক্ত কমিটিকে তৈরিকৃত নৌকা যাচাই-বাছাই করে দ্রুত ক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।

সভায় উপজেলা শিক্ষা অফিসার, চিলমারী, কুড়িগ্রাম আরও জানান যে, থানাহাট ১ নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একটি শহীদ মিনার নির্মাণের জন্য ইতোপূর্বে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। কিন্তু শহীদ মিনার এখনো নির্মাণ করা হয় নাই। পক্ষান্তরে উপজেলা প্রশাসন কর্তৃক উক্ত প্রতিষ্ঠানে একটি শহীদ মিনার নির্মাণের জন্য এক লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উপজেলা প্রকৌশলী চিলমারী কর্তৃক শহীদ মিনার নির্মাণের জন্য প্রাক্কলন প্রস্তুত করে দেখা যায় যে, এক লক্ষ টাকায় শহীদ মিনার নির্মাণ করা সম্ভব নয়। শহীদ মিনার নির্মাণ করতে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রয়োজন। তিনি পূর্বের বরাদ্দকৃত ১,০০,০০০/- টাকা ( যা প্রধান শিক্ষক ১ নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিকট জমা আছে) এবং উপজেলা প্রশাসন কর্তৃক মঞ্জুরিকৃত ১,০০,০০০/- টাকাসহ মোট ২,০০,০০০/- টাকা ব্যয়ে উক্ত বিদ্যালয়ে একটি শহীদ মিনার নির্মাণ করা যেতে পারে মর্মে সভায় অবহিত করেন।

চলমান-২

বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে দুই ধাপে বরাদ্দকৃত টাকা একত্রে (১,০০,০০০ + ১,০০,০০০) = ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে থানাহাট ১ নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একটি শহীদ মিনার নির্মাণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহবুবুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চিলমারী, কুড়িগ্রাম।
ফোন- ০৫৮২৪৫৬০০৩
e-mail:unochilmari@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৯.০০০.০৫.০২৬.২২-৩৫৭ (৭)

তারিখ ঃ

| |
|---|
| ২১ ভাদ্র ১৪২৯ |
| ০৫ সেপ্টেম্বর ২০২২ |

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ২৮-কুড়িগ্রাম-৪।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
৫। উপজলা.................................................অফিসার, চিলমারী, কুড়িগ্রাম।
৬। জনাব..........................................................................., চিলমারী, কুড়িগ্রাম।
৭। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
চিলমারী, কুড়িগ্রাম।